বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স

সূত্র নং: ডিসিপি(পিআর) ০৫/২০২৬-৪১৪ তারিখ : ১৪ সেপ্টেম্বর, ২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

প্রধান বার্তা সম্পাদক,
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

উপজেলাভিত্তিক তরুণ উদ্যোক্তা অনুসন্ধান, চিহ্নিতকরণ ও অর্থায়ন কর্মসূচি

দেশের উপজেলা পর্যায়ের সম্ভাবনাময় তরুণ উদ্যোক্তা অনুসন্ধান ও প্রকৃত উদ্যোক্তা নির্বাচন করার মাধ্যমে উৎপাদনশীল কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে "উদ্যোগ (UDYOG): উপজেলাভিত্তিক তরুণ উদ্যোক্তা অনুসন্ধান, চিহ্নিতকরণ ও অর্থায়ন কর্মসূচি" নামীয় কার্যক্রম সংক্রান্ত নীতিমালা বাংলাদেশ ব্যাংক কর্তৃক এসএমইএসপিডি সার্কুলার নং-০৫ এর মাধ্যমে ১৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখে জারি করা হয়েছে। সার্কুলার বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (www.bb.org.bd) এবং এসএমই পোর্টালে (www.bb.org.bd/smespd_portal) প্রকাশ করা হয়েছে।

কর্মসূচির আওতাভুক্ত এলাকা

সক্রিয়করণ পর্যায়ে (Activation Phase) ৮টি বিভাগের ৮টি জেলার (মানিকগঞ্জ, ফেনী, নওগাঁ, ঝিনাইদহ, ভোলা, হবিগঞ্জ, রংপুর ও নেত্রকোণা) অন্তর্গত সকল (মোট ৬৪টি) উপজেলায় কর্মসূচিটি পরিচালিত হবে।

আবেদনের সময়সীমা

১৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখ হতে 'উদ্যোগ' কর্মসূচির আওতায় আবেদন গ্রহণ শুরু হবে এবং ১৫ অক্টোবর ২০২৬ তারিখ পর্যন্ত নির্ধারিত ফরমের মাধ্যমে আবেদন দাখিল করা যাবে। নির্ধারিত সময়সীমার পর প্রাপ্ত কোনো আবেদন বিবেচনা করা হবে না।

আবেদন ফরম প্রাপ্তি ও দাখিলের পদ্ধতি

বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট, এসএমই পোর্টাল এবং তফসিলি ব্যাংকসমূহের নিজস্ব ওয়েবসাইট হতে আবেদন ফরমটি Downloadable Format-এ সংগ্রহ করা যাবে। যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম সংশ্লিষ্ট উপজেলায় অবস্থিত যে কোনো তফসিলি ব্যাংকের শাখায় দাখিল করা যাবে। আবেদনকারীর সংশ্লিষ্ট ব্যাংকে পূর্ব হতে হিসাব থাকা আবশ্যক নয়। আবেদন দাখিলের জন্য কোনো ফি বা খরচ প্রদান করতে হবে না।

আবেদনের যোগ্যতা

আবেদন গ্রহণের শেষ তারিখে বয়স সর্বোচ্চ ২৮ বছর, এমন প্রাপ্তবয়স্ক নাগরিকগণ আবেদন করতে পারবেন। আবেদনকারীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং তাঁর নিজস্ব ব্যবসায়িক উদ্যোগ/ব্যবসায়িক ধারণা অথবা নতুন ব্যবসা স্থাপনের বাস্তবসম্মত পরিকল্পনা থাকতে হবে। একটি বাস্তবসম্মত ব্যবসায়িক ধারণা থাকলেই আবেদন করা যাবে। তবে ইতোপূর্বে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করে থাকলে, কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে ঋণখেলাপি হিসেবে চিহ্নিত হলে, এবং সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত থাকলে সংশ্লিষ্ট আবেদনকারী এ কর্মসূচির আওতায় অর্থায়নের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

অর্থায়নের কাঠামো

নির্বাচিত উদ্যোক্তার প্রকৃত ব্যবসায়িক চাহিদা ও প্রস্তাবিত ব্যয়ের ভিত্তিতে সর্বোচ্চ ২০ (বিশ) লক্ষ টাকা পর্যন্ত সমন্বিত অর্থায়নে (Blended Financing) প্রদান করা যাবে। ঋণ ও অনুদানের অনুপাত হবে ৫০:৫০; অর্থাৎ সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা ব্যাংক ঋণ এবং সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা অনুদান। ঋণের বিপরীতে কোনো সহায়ক জামানত গ্রহণ ব্যতিরেকেও ঋণ প্রদান করা যাবে।

উল্লেখ্য, প্রকৃত ব্যবসায়িক চাহিদা, প্রস্তাবিত ব্যয় পরিকল্পনা এবং চূড়ান্ত মূল্যায়নের ভিত্তিতে অর্থায়নের পরিমাণ নির্ধারিত হবে। ব্যাংক কর্তৃক ঋণ ও অনুদান একই সময়ে, এককালীন এবং অনুমোদিত পরিমাণে উদ্যোক্তার ব্যাংক হিসাবে বিতরণ করা হবে; নগদে কোনো অর্থ প্রদান করা হবে না। নির্ধারিত সময়ে ঋণ পরিশোধে ব্যর্থ হলে অথবা কোনো পর্যায়ে ঋণের সদ্ব্যবহার হয়নি মর্মে পরিলক্ষিত হলে বিতরণকৃত অনুদানের সমপরিমাণ অর্থ ঋণে রূপান্তরিত হবে এবং তা সরকারি পাওনা হিসেবে বিদ্যমান আইন মোতাবেক আদায়যোগ্য হবে।

চলমান পাতা-২

অর্থায়নের পাশাপাশি অন্যান্য সেবা

কর্মসূচির পরিধি কেবল অর্থায়নেই সীমাবদ্ধ থাকবে না। এ কর্মসূচির আওতায় প্রত্যেক আবেদনকারী Financial Literacy Programme-এর আওতায় আসবেন। নির্বাচিত উদ্যোক্তাগণ প্রশিক্ষণ, অভিজ্ঞ মেন্টরের ধারাবাহিক পরামর্শ, ব্যবসা নিবন্ধন ও ব্যবসায়িক পরিকল্পনা প্রণয়ণে সহায়তা এবং বাজার সংযোগের সুযোগ পাবেন।

বিশেষ নির্দেশনা

কর্মসূচির আওতায় সুবিধা প্রাপ্তির লক্ষ্যে যে কোনো পর্যায়ে কোনো প্রকার তদবির করা হলে তা সংশ্লিষ্ট আবেদনকারীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং আবেদনকারীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। এছাড়া অসত্য তথ্য প্রদান বা অন্যের ধারণা নিজের নামে ব্যবহারের প্রদান পাওয়া গেলে আবেদনটি যে কোনো পর্যায়ে বাতিল এবং আবেদনকারীকে কালো তালিকাভুক্ত করা হবে।

কর্মসূচি সংক্রান্ত বিস্তারিত নীতিমালা, উদ্যোক্তার যোগ্যতা, অর্থায়নের কাঠামো, আবেদন পদ্ধতি ও প্রয়োজনীয় দলিলাদিসহ অন্যান্য তথ্য ১৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৫ এ বিস্তারিতভাবে বর্ণিত রয়েছে।

উল্লেখ্য, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং উদ্ভাবনী উদ্যোগের প্রসার তরুণ উদ্যোক্তাদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বিবেচনায় "উদ্যোগ" কর্মসূচির মাধ্যমে উপজেলা পর্যায়ে সম্ভাবনাময় তরুণ উদ্যোক্তাদের ব্যাংক অর্থায়নের আওতায় এনে উৎপাদনশীল কর্মসংস্থান সৃষ্টি হবে বলে বাংলাদেশ ব্যাংক আশা করে।

জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

(সাঈদা খানম)
পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র
ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
টেলিফোন: ৯৫৩০৩০০
E-mail: sayeda.khanam@bb.org.bd